

# বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার আয়োজনে রবীন্দ্র-নজরুল জয়ন্তী পালিত

**কায়সার আহমেদ:** ১৭ই মে ২০০৮ মহাআড়ম্বরে পালন করা হলো বাংলা সাহিত্যের দুই দিকপাল কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর ও জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী। অনুষ্ঠানটির আয়োজক ছিল অস্ট্রেলিয়ার প্রাচীনতম ঐতিহ্যবাহী সংগঠন বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়া। লাকেম্বাঙ্ক ইউনাইটিং চার্চের হল রুমে আয়োজিত এ অনুষ্ঠানটি প্রাণভরে উপভোগ করেছেন সিডনির প্রবাসী বাঙালিরা।

সংগঠনের সাধারণ সম্পাদক হারুনুর রাশিদের উপস্থাপনা প্রাণবন্ত করে তুলেছিলো পুরো অনুষ্ঠানটিকে। অনুষ্ঠান আয়োজনের সংক্ষিপ্ত ভূমিকার পর আগত অতিথিদের স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি গামা আব্দুল কাদির। অনুষ্ঠানটির প্রথম পর্বে ছিল কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর ও জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবন ও দর্শন নিয়ে আলোচনা মূলক অনুষ্ঠান “কাব্য কথা”। এই পর্বটি উপস্থাপন করেন আল নোমান শামীম। আলোচনা পর্বে বক্তব্য রাখেন সিডনির বিশিষ্ট সাংবাদিক ও কলামিস্ট অজয় দাশগুপ্ত ও বিশিষ্ট সঙ্গীত শিল্পী ড. মনজুর হামিদ কচি। রবীন্দ্র-নজরুলের জীবন নিয়ে আলোচনা অনুষ্ঠানটি ছিল তথ্যবহুল।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে প্রবাসে বাঙালি সংস্কৃতি ও সমাজ সেবায় বিশেষ অবদান রাখার জন্য নির্বাচিত বিশিষ্ট ব্যক্তিদের সম্মাননা প্রদান করা হয়। সিডনিতে বাংলা ওয়েব মিডিয়ায় বিশেষ অবদানের রাখার জন্য বাংলা-সিডনির ডট কমের কর্ণধার আনিসুর রহমান, সিডনিতে বাংলা সঙ্গীতে অবদানের জন্য বিশিষ্ট জনপ্রিয় গায়িকা অমিয়া মতিন ও সমাজ সেবায় অবদান রাখায় সংগঠনের কণিষ্ঠ সংগঠক মোসলেউর রহমান কে সম্মাননা প্রদান করা হয়। এ ছাড়াও গত বছর সংগঠন ও কমিউনিটির সেবা দানের স্বীকৃতি স্বরূপ সম্মাননা প্রদান করা হয় প্রাক্তন সভাপতি ফারুক আহমেদ খান ও প্রাক্তন সাধারণ সম্পাদক মো: আলাউদ্দিন আলোককে। উপরোক্তদের সংগঠনের পক্ষ থেকে বিশেষ ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করেন অজয় দাশ গুপ্ত, ড. মনজুর হামিদ কচি, সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি নজরুল ইসলাম, ইসলামি সেন্টারের সভাপতি ফকরুদ্দিন আহমেদ এবং বিশিষ্ট সাংবাদিক ফজলুল বারী।

সাধারণ সম্পাদক হারুনুর রাশিদের আহ্বানে সুরভীর প্রাণোচ্ছল উপস্থাপনায় শুরু হয় অনুষ্ঠানের মূল আকর্ষণ “গানে ও কবিতায় রবীন্দ্র-নজরুল”। দীর্ঘক্ষণ ধরে মনোমুগ্ধকর অনুষ্ঠানটি উপভোগ করেন সকলে। অনুষ্ঠানে গানে গানে দর্শকদের মন কেড়ে নিলেন যারা তাদের মধ্যে অন্যতম অমিয়া মতিন, ড. মনজুর হামিদ কচি, শাহীন মো: আমানউল্লাহ প্রধান, সুমী দে, সুলতানা ও ফাতেমা মিতা। কবিতা আবৃত্তিতে অংশগ্রহণ করেন শাফিন রাশেদ, দীপা দাশগুপ্ত, আল নোমান শামীম, শামীমুল ইসলাম, আনিসুর রহমান, সুরভী নূর ও ফজলুল বারী। তবলায় ছিলেন অভিজিৎ বড়ুয়া ও জাহিদ হাসান এবং সকলের নয়ন কাড়া নৃত্য পরিবেশন করে শিল্পী শ্রেয়শী।

সাধারণ সম্পাদক হারুনুর রাশিদের ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়। তিনি অনুষ্ঠানে উপস্থিত হবার জন্য একুশে একাডেমীর সভাপতি নেহাল নেয়ামুল বারী, বঙ্গবন্ধু পরিষদের একাংশের সাধারণ সম্পাদক ড. রোনাল্ড পাত্র, বাংলাদেশ ইসলামিক সেন্টারের সভাপতি ফকরুদ্দিন আহমেদ, বিএনপি অস্ট্রেলিয়া ভারপ্রাপ্ত সভাপতি ফারুক আহমেদ খান, বঙ্গবন্ধু পরিষদের একাংশের সভাপতি ড. আব্দুর রাজ্জাক, অজব্যান এর কর্ণধার গোলাম মোস্তফা, সিডনিবাসী ওয়েব সাইটের পরিচালক এম.এ.মতিন, বেতার বাংলার পরিচালক হারুনুর রশিদ আজাদ, এসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি নজরুল ইসলাম, বিশিষ্ট সাংবাদিক ফজলুল বারী সহ সকলকে ধন্যবাদ জানান। এ ছাড়া তিনি অনুষ্ঠানটি সফল হবার জন্য অজবাংলা রেডিও এবং অজবাংলা ওয়েব মিডিয়ার সহযোগিতার জন্য কর্ণধার লুৎফর রহমান শাওনের প্রতি এবং পুরো অনুষ্ঠানটির সার্বিক পরিকল্পনার জন্য সংগঠনের কোষাধ্যক্ষ শাহীন মো: আমানউল্লাকে বিশেষভাবে কৃতজ্ঞতা জানান। অনুষ্ঠান শেষে নৈশ ভোজের মাধ্যমে অতিথিদের আপ্যায়ন করা হয়।